# কালিকা-মাহাত্ম্য।



"দেবি প্রপন্নার্ত্তি হরেপ্রসীদ, প্রসীদ মাত র্জগতোঽখিলস্য।
প্রসীদ বিশ্বেশ্বরি পাহি বিশ্বং, ত্বমীশ্বরী দেবী চরাচরস্য॥"

"মহামায়ে জগন্মাতঃ কালিকে ঘোর দক্ষিণে।
গৃহাণ বন্দনাং দেবী নমস্তে পরমেশ্বরি॥

---

শ্রীআশুতোষ মুখোপাধ্যায় প্রণীত

(কালিকা ধ্যান, স্তোত্র, কবচাদি সমন্বিত।)

---

প্রকাশক,
শ্রীজ্যোতীশচন্দ্র মুখোপাধ্যায়,
(শিক্ষক, গোপালনগর মধ্যইংরাজি বিদ্যালয়,)
জয়নগর।

শ্রীমদ্ভাগবত মন্ত্রণালয়ে মুদ্রিত।
৩৭নং বলরাম বসুর ঘাটরোড, ভবানীপুর, কলিকাতা।
১৩২৪ সাল, ফাল্গুন।
মূল্য /০ একআনা মাত্র।

182. Nc. 917. 56. 3.4.18
No. 404 Alipore
Pargana 24 Ds. 30-15 W. 29.3.18
BL 14
12 Ap 1918
BENGAL LI[brary] APR. [...] WRITERS BU[ildings]

# কালিকা-মাহাত্ম্য।



"দেবি প্রপন্নার্ত্তি হরেপ্রসীদ, প্রসীদ মাত র্জগতোহখিলস্য।
প্রসীদ বিশ্বেশ্বরি পাহি বিশ্বং, ত্বমীশ্বরী দেবী চরাচরস্য॥"

"মহামায়ে জগন্মাতঃ কালিকে ঘোর দক্ষিণে।
গৃহাণ বন্দনাং দেবী নমস্তে পরমেশ্বরি॥

শ্রীআশুতোষ মুখোপাধ্যায় প্রণীত

( কালিকা ধ্যান, স্তোত্র, কবচাদি সমন্বিত। )

প্রকাশক,
শ্রীজ্যোতীশচন্দ্র মুখোপাধ্যায়,
(শিক্ষক, গোপালনগর মধ্যইংরাজি বিদ্যালয়,)
জয়নগর।

শ্রীমদ্ভাগবত মন্ত্রণালয়ে মুদ্রিত।
৩৭নং বলরাম বসুর ঘাটরোড, ভবানীপুর, কলিকাতা।
১৩২৪ সাল, ফাল্গুন।
মূল্য /০ একআনা মাত্র।

No Pro[...]

IMPER[illegible] [illegible]RARY
24 JUL 19

182. Nc. 917. 56.
BENGAL LIBRARY
- 1918
WRITERS BUILDINGS

# কালীপীঠে কালিকা বন্দনা।

ধন্য ধাম কালীঘাট মহা কালিকার নাট,
হাট বাট চিরানন্দময়।
জয় জগদম্বা কালী, মুক্তকেশী মুণ্ডমালী,
জয় নকুলেশ দয়াময় ॥

জয় মা যোগাস্থা জয়া জনম মরণ হরা,
জয় জয় দুর্গতিহারিণী।
জয় যোগীশ্বর-জায়া, জগন্মাতা যোগমায়া,
জয় পাপ-তাপ নিবারিণী ॥

জয় প্রভু পরমেশ, প্রসীদ শ্রীনকুলেশ,
বাঞ্ছা কল্পতরু ভগবান্।
জয় বিশ্বেশ্বর হর, দীন-জন-দুখ হর,
কৃপা কর করুণা-নিদান ॥

জয় জয় ভক্তপক্ষ, শ্রীমন্দিরে লক্ষ লক্ষ,
মুক্তিকামী সাধক সুজন।
অগণিত মার দ্বারে, তুলনা কে দিতে পারে,
মুখরিত আনন্দ-ভবন ॥

দয়াশীল পুণ্যবান, দানবীর মহাপ্রাণ,
মর্ত্তে ধন-কুবের সমান।

সাথে মুক্ত-মুক্তা নারী, অহরহ সারি সারি,
মাতার মন্দিরে আগুয়ান্ ॥

করুণার পারাবার, কুল-লক্ষ্মী তাঁ সবার,
মা মা রবে মন্দির দুয়ারে।
স্থাবর বধির খঞ্জে, আতুর অনাথ পুঞ্জে,
কৃপা ভুঞ্জে মহিমা প্রচারে ॥

ভক্তি-মূলে আঁখি জলে, যে যা চায় তাই মিলে,
মা আমার বরাভয়করা।
দুষ্ট জনে দণ্ডিবারে, অসি মুণ্ড ধরি করে,
দাঁড়ায়ে মা দর্পহরা তারা ॥

লোল-জিহ্বা ভয়ঙ্করী, লোচন লোহিত করি,
চাহিছেন পাতকীর পানে।
শিহরে পাতকী-কায়, পাপ-চিন্তা দূরে যায়,
ধায় মাতৃ-পদ সন্নিধানে ॥

কালী-পদ কোকনদ, পায় জীব মোক্ষপদ,
সর্ব্বাপদ-শান্তির সম্বল।
ভাব ভব ভবানীরে, অকূল ভবাব্ধি-নীরে,
মা আমার দুর্ব্বলের বল ॥

মা নামে না রহে শঙ্কা, মা নামে বাজাও ডঙ্কা,
শমন-আতঙ্ক যাবে দূরে।
কালী কালী বল মুখে, ভুঞ্জহ সংসার সুখে,
কেন মন মিছা মর ঘুরে ॥

মা আছেন সর্ব্বঠাঁই, মা বিনা জগৎ নাই,
বিশ্বারাধ্যা বিশ্বের জননী।
অবগাহি গঙ্গাজলে, রক্ত-জবা বিল্বদলে,
পূজ তাঁর চরণ দুখানি ॥
কুপুত্র যদিও হয়, কুমাতা কখন নয়,
কৃপণতা নাহি করুণায়।
মা বলে ডাকিলে পরে, মা কভু রহিতে নারে,
বিগলিতা মাতা মমতায় ॥
ভব-পন্থা পর্য্যটনে, শ্রান্ত পান্থ, সে কারণে,
মাতৃ-পদে লভহ বিরাম।
সুখে রবে শান্তি পাবে, পরিতাপ নাহি রবে
অনায়াসে হবে পূর্ণকাম ॥
অথবা বাসনা ত্যজি, নিষ্কামে মায়েরে ভজি,
উচ্চ ফল লহরে নির্ব্বাণ।
চতুর্ব্বর্গ ফল যথা, কি ভাবনা আছে তথা
মায়ের মহিমা কর গান ॥
মন্দির-দুয়ারে পড়ি, দেহ সবে গড়া গড়ি,
শীতলিয়া তাপ-দগ্ধ কায়।
মায়ের করুণা হবে, মাতৃপদে স্থান পাবে,
সুখে রবে নিঃসন্দেহ তায় ॥
মাতৃ পদ-ভেলা সার, ভবার্ণবে তরিবার।
অনিবার তাহে রাখ মতি।
কৈবল্য-দায়িনী কালী, শবাসনা মুণ্ডমালী
মা আমার অগতির গতি ॥

## পূর্ব্বাভাস।

হর বিরহিত যাগ, করে দক্ষ মহাভাগ,
না শিবারে শঙ্কর-সম্মান।
কোন্দল-কৌতুকী ঋষি, নারদ কৈলাসে আসি,
নিবেদিলা দেবী সন্নিধান॥
দক্ষের উদ্দেশ্য জানি, দুখান্বিতা দাক্ষায়ণী,
চাহিলেন ভবিষ্যের পানে।
পিতা করিছেন দ্বন্দ্ব, সহ পতি সদানন্দ,
বাজের অধিক বাজে প্রাণে॥
এক দিকে পিতা দক্ষ, বিপরীতে বিরূপাক্ষ,
উভয় সঙ্কটে আত্মহারা।
ঘুচাতে পিতার ভ্রান্তি, করিতে কলহ শান্তি,
উপজিলা দক্ষালয়ে "তারা"॥
যজ্ঞ-বাটে দুহিতারে, হেরি দক্ষ রোষভরে,
নিন্দিলেন শঙ্করে বিস্তর।
সতী পতি-নিন্দা শুনি, যজ্ঞানলে নিজ প্রাণি,
তেয়াগিলা খ্যাত চরাচর॥
সে বারতা শুনি হর, ত্রিনয়নে দরদর,
ঝরে অশ্রু উন্মত্তের প্রায়।
তেয়াগি কৈলাস বাস, ধাইলেন কীর্ত্তিবাস,
সতী-মৃত-শরীর যথায়॥
সতী-দেহ শিরে ধরি, ত্রিলোক ভ্রমণ করি,
ভ্রামিলেন ভূতেশ ঈশান্।

শঙ্করে চঞ্চল হেরি, ত্রিলোক-পালক হরি,
চক্রে দেহ কৈল খান্ খান্ ॥
প্রতিখণ্ড পড়ে যথা, মহা পীঠ-স্থান তথা,
বিরাজিত ভৈরবাখ্য হর।
নের মাহাত্ম্য যত, এক মুখে কব কত,
সিদ্ধ-সাধ্য-সেবিত সুন্দর ॥

---

# পৌরাণিকী বার্ত্তা।

## একপঞ্চাশৎ পীঠস্থান।

হিঙ্গুলায় ব্রহ্মরন্ধ্র পাড়িলা কেশব।
"কোট্টরী ভৈরবী" "ভীম-লোচন" ভৈরব ॥
শর্করারে ত্রিনয়ন পতিত যেমনি।
"ক্রোধীশ" ভৈরব দেবী "মহিষ-মর্দ্দিনী" ॥
জ্বালামুখে মহাজিহ্বা "উন্মত্ত" ভৈরব।
সর্ব্বসিদ্ধি স্বরূপিণী "অম্বিকা" সম্ভব ॥
সুগন্ধায় নাসাপাতে "সুনন্দা-সম্ভব"।
সর্ব্বাভীষ্ট-দাতা দেব "ত্র্যম্বক" ভৈরব ॥
ঊর্দ্ধওষ্ঠ পাত যথা ভূধর ভৈরব।
"অবন্তী" দেবতা "লম্বকর্ণ" সে ভৈরব ॥
অট্টহাসে অধরোষ্ঠ "বিশ্বেশ" ঈশান্।
"ফুল্লরা" ভৈরবী শিবা-ভোগ যে প্রমাণ ॥
প্রভাসে উদর দেবী "চন্দ্রভাগা" তথা।

জনস্থানে " চিবুক" পড়িল যেই কালে ।
"চিবুকা ভ্রামরী" বিকৃতাক্ষ জলে স্থলে ॥
গোদাবরী-তীরে "বিশ্বমাতৃকা" জননী ।
বামগণ্ড পাতে বামদেব "দণ্ডপাণি" ॥
গণ্ডকীতে দক্ষগণ্ড দেব "চক্রপাণি" ।
"গণ্ডকী" চণ্ডিকা সর্ব্ব মঙ্গল দায়িনী ॥
শুচিদেশে উর্দ্ধদন্ত পতিত মাতার ।
"নারায়ণী" মহাদেবী ভৈরব সংহার ॥
করতোয়া তটে "তল্প" ভৈরব "বামন" ।
"অপর্ণা" অম্বিকা মাতা উজলি ভুবন ॥
শ্রীপর্ব্বতে দক্ষতল্প "সুনন্দা" সম্ভব ।
অপার আনন্দময় "নন্দ" শ্রীভৈরব ॥
কর্ণাটেতে কর্ণপাতে "জয়দুর্গা" জানী ।
"অভীরু" ভৈরব তথা শঙ্কর আপনি ॥
বৃন্দাবনে কেশজাল ভৈরব "ভূতেশ" ।
"উমা" দেবী জীবে তাঁর করুণা অশেষ ॥
জুয়ান পুরেতে মুণ্ড মহাপীঠ মানি ।
"ক্রোধীশ" ভৈরব সনে "জয়দুর্গা" জানি ॥
কিরীটে কিরীট দেবী "বিমলা" সুন্দরী ।
"সম্বর্ত্ত" ভৈরব তথা নিয়ত প্রহরী ॥
শ্রীহট্টেতে গ্রীবা দেবী "মহালক্ষ্মী" নাম ।
"সর্ব্বানন্দ" শিব শোভে সুন্দর সুঠাম ॥
নলাহাটে নলাপাতে "কালিকার" স্থান ।
"যোগীশ" ভৈরব তথা কৈলা অধিষ্ঠান ॥

কাশ্মীরেতে কণ্ঠদেশ দেবী "ভগবন্তী"।
ভৈরব "ত্রিসন্ধেশ্বর" মোহন মূরত্তি॥
দক্ষস্কন্ধ পড়িল সে রত্নাবলী ধাম।
"কুমারীর" সহ "শিব" নয়নাভিরাম॥
মিথিলায় "উমা" দেবী, দেব "মহোদর"।
বামস্কন্ধ পাত তথা খ্যাত চরাচর॥
চট্টলে দক্ষিণ জানু শুন অতঃপর।
ভৈরবী "ভবানী" সনে "শ্রীচন্দ্র-শেখর"॥
মানসে দক্ষিণ হস্ত ভৈরব "অমর"।
"দাক্ষায়ণী" মহাশক্তি খ্যাত চরাচর॥
"মঙ্গল চণ্ডিকা" দেবী উজানী নগরে।
ভৈরব "কপিলাম্বর" শক্তির গোচরে॥
মণিবেদে মণিবন্ধ "গায়ত্রী" দেবতা।
"সর্ব্বানন্দ" দেব সর্ব্ব-গুণ-যুক্তা মাতা॥
প্রয়াগে শ্রীকরাঙ্গুলি ভৈরবী "ললিতা"।
শ্রী "ভব" ভৈরব চির বিরাজিত যথা॥
"বহুলাখ্যা" দেবী বাম বাহু বহুলায়।
"ভীরুক" ভৈরব সদা বসতি তথায়॥
জালন্ধরে স্তনযুগ ভৈরব "ভীষণ"।
"ত্রিপুর-মালিনী" মাতা বিদিত ভুবন॥
চিত্রকূটে জঘনাস্থি ভৈরবী "শিবানী"।
প্রচণ্ড ভৈরব "চণ্ড" মতান্তরে জানি॥
বৈদ্যনাথে হৃদ্‌পদ্ম দেব "বৈদ্যনাথ"।
জাগরিত সদা শক্তি "জয় দুর্গা" সাথ॥

উৎকলেতে নাভি মহাদেব "জগন্নাথ"।
বিহরেন মহাশক্তি "বিমলার" সাথ ॥
কাঞ্চীতে কঙ্কাল "রুরু" ভৈরব তথায়।
"দেবগর্ব্বা" দেবী সদা শোভিতা যথায় ॥
দক্ষিণ নিতম্ব পাত কাল-মাধবেতে।
ভৈরব "অসিতানন্দ" "কালী" দেবী তাতে ॥
শোণ নদে অপর নিতম্ব সুপ্রচার।
ভৈরব "শ্রীভদ্রসেন" "নর্ম্মদা" মাতার ॥
কামরূপে যোনি পীঠ "কামাখ্যা" দেবতা।
ভৈরব "শ্রীউমানন্দ" জীবে সিদ্ধিদাতা ॥
নেপালেতে জানুদ্বয় ভৈরব "কপালী"।
মহাশক্তি মহামায়া মাতা "মুণ্ডমালী" ॥
জয়ন্তীতে বামজঙ্ঘা "জয়ন্তী" জননী।
ভৈরব "ক্রমদীশ্বর" সিদ্ধিদাতা জানি ॥
ত্রিপুরায় দক্ষপাদ "ত্রিপুরা" প্রকাশ।
"ত্রিপুরেশ" তথা সদা শিব কীর্ত্তিবাস ॥
ক্ষীর-গ্রামে দক্ষাঙ্গুষ্ঠ "যোগাদ্যা" জননী।
"শ্রীক্ষীরখণ্ডক" দেব মুক্তিদাতা মানি ॥
কুরুক্ষেত্রে মহাগুল্ফ "স্থানুর" প্রকাশ।
অশ্বনাথ" বিশ্বেশ্বর শিব কীর্ত্তিবাস ॥
বক্রেশ্বরে মনঃ পাতে দেব "বক্রনাথ"।
বিহরেন "মহিষমর্দ্দিনী" দেবী সাথ ॥
যশোরেতে পাণিপদ্ম "যশোর-ঈশ্বরী"।
বিশ্বনাথ "চণ্ড" রূপে সতত প্রহরী ॥

হারপাত নন্দীপুরে "শ্রীনন্দিকেশ্বর"।
"নন্দিনী" ভৈরবী স্থিতা ভৈরব গোচর॥
কাশীধামে "বিশালাক্ষী" "শ্রীকাল ভৈরব"।
মণিকর্ণী কুণ্ডলেতে মাতার উদ্ভব॥
কন্যাশ্রমে পৃষ্ঠদেশ পড়িলা মাতার।
ভৈরব "নিমিষ" "শ্রীসর্ব্বাণী" দেবতার॥
লঙ্কায় নূপুর নাথ "রাক্ষস-ঈশ্বর"।
ইন্দ্রের আরাধ্যা দেবী "ইন্দ্রাক্ষী" গোচর॥
বিরাটে চরণাঙ্গুলী পতিত যথায়।
"অমৃতাক্ষ" দেব, দেবী "অম্বিকা" তথায়॥
বিভাসকে বামগুল্ফ "ভীমা" দাক্ষায়ণী।
"সর্ব্বানন্দ" শিব সনে অভীষ্ট-দায়িনী॥
ত্রিস্রোতায় বামপদ ভৈরব "ঈশ্বর"।
"ভ্রামরী" ভৈরবী জীবে করুণা বিস্তর॥
কালীপীঠে পতিত দক্ষিণ পাদাঙ্গুলী।
ভৈরব "নকুলেশ্বর" মহাদেবী "কালী"
মর্ত্তে স্বর্গ মহাতীর্থ সুপবিত্র স্থান।
পুরমধ্যে সুরসঙ্ঘ সদা বিদ্যমান॥
প্রতীচিতে প্রসন্ন সলিলা গঙ্গামাতা।
নিস্তারিতে জীববকুল নিত্য বিরাজিতা॥

# কালিকা-ধ্যানম্ ।

করাল-বদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভুজাম্ ।
কালিকাং দক্ষিণাং দিব্যাং মুণ্ডমালা-বিভূষিতাং ॥

সদ্যশ্ছিন্ন-শিরঃ-খড়্গ-বামাধোর্দ্ধ-করাম্বুজাম্ ।
অভয়ং বরদঞ্চৈব দক্ষিণাধোর্দ্ধঃ পাণিকাম্ ॥

মহামেঘ-প্রভাং শ্যামাং তথা চৈব দিগম্বরীম্ ।
কণ্ঠাবসক্ত-মুণ্ডালী গলদ্রুধির-চর্চ্চিতাম্ ॥

কর্ণাবতংসতানীত-শবযুগ্ম-ভয়ানকাম্ ।
ঘোরদংষ্ট্রাং করালাস্যাং পীনোন্নত-পয়োধরাম্ ॥

শবানাং কর-সংঘাতৈঃ কৃতকাঞ্চীং হসন্মুখীম্ ।
সৃক্কদ্বয়-গলদ্রক্ত-ধারা-বিস্ফুরিতাননাং ॥

ঘোররাবাং মহারৌদ্রীং শ্মশানালয়-বাসিনীম্ ।
বালার্কমণ্ডলাকার-লোচন-ত্রিতয়ান্বিতাং ॥

দন্তুরাং দক্ষিণব্যাপি মুক্তালম্বিকচোচ্চয়াম্ ।
শবরূপ-মহাদেব-হৃদয়োপরিসংস্থিতাম্ ॥

শিবাভি র্ঘোররাবাভি শ্চতুর্দ্দিক্ষু সমন্বিতাম্ ।
মহাকালেন চ সমং বিপরীত-রতাতুরাম্ ॥

সুখপ্রসন্নবদনাং স্মেরানন-সরোরুহাম্ ।
এবং সঞ্চিন্তয়েৎ কালীং শ্মশানালয়-বাসিনীম্ ॥

একাক্ষরস্য ধ্যানং সিদ্ধেশ্বরতন্ত্রে।
শবারূঢ়াং মহাভীমাং ঘোরদংষ্ট্রাং বরপ্রদাং
হাস্যযুক্তাং ত্রিনেত্রাঞ্চ কপালকর্ত্তৃকাকরাং।
মুক্তকেশীং ললজ্জিহ্বাং পিবন্তীং রুধিরং মুহুঃ
চতুর্ব্বাহুযুতাং দেবীং বরাভয়করাং স্মরেৎ ॥

---

# কালিকা-স্তোত্রম্।

কর্পূরং মধ্যমান্ত্যস্বর-পরিরহিতং সেন্দুবামাক্ষিযুক্তং,
বীজন্তে মাতরেতত্ত্রিপুর-হর-বধু ত্রিঃকৃতং যে জপন্তি ॥
তেষাং গদ্যানি পদ্যানি চ মুখ-কুহরাদুল্লসন্ত্যেব বাচঃ,
স্বচ্ছন্দং ধ্বান্ত-ধারাধর রুচি-রুচিরে সর্ব্বসিদ্ধিং গতানাম্ ॥১॥
ঈশানঃ সেন্দু-বাম-শ্রবণ-পরিগতো বীজমন্যন্মহেশি,
দ্বন্দ্বন্তে মন্দচেতা যদি জপতি জনো বারমেকং কদাচিৎ।
জিত্বা বাচামধীশং ধনদমপি চিরং মোহয়ন্নম্বুজাক্ষী-
বৃন্দং চন্দ্রার্দ্ধচূড়ে প্রভবতি স মহাঘোর (বালা) বাণাবতংসে।২
ঈশো বৈশ্বানরস্থঃ শশধর-বিলসদ্বাম-নেত্রেণ যুক্তো,
বীজন্তে দ্বন্দ্বমন্যদ্বিগলিত-চিকুরে কালিকে যে জপন্তি॥
দ্বেষ্টারং ঘ্নন্তি তে চ ত্রিভুবনমপি তে বশ্যভাবং নয়ন্তি।
সৃক্ক-দ্বন্দ্বাস্র ধারা দ্বয়ধরবদনে দক্ষিণে কালিকেতি ।৩॥
ঊর্দ্ধে বামে কৃপাণং কর-কমলতলে ছিন্নমুণ্ডং তথাধঃ,
সব্যে চাভীর্ব্বরঞ্চ ত্রিজগদঘহরে দক্ষিণে কালিকে চ ॥
জপ্ত্বৈতন্নাম যে বা তব মনুবিভবং ভাবয়ন্ত্যে তদম্ব,
তেষামষ্টৌ করস্থাঃ প্রকটিতবদনে সিদ্ধয়স্ত্র্যম্বকস্য ॥৪॥

বর্গাদ্যং বহ্নিযুক্তং বিধুরতিবলিতং তত্ত্রয়ং কূর্চ্চযুগ্মং,
লজ্জাদ্বন্দ্বঞ্চ পশ্চাৎ স্মিতমুখি তদধোষ্ঠদ্বয়ং যোজয়িত্বা ॥
মাতর্যে যে জপন্তি স্মরহরমহিলে ভাবয়ন্তঃ স্বরূপং,
তে লক্ষ্মীলাস্যলীলা-কমলদলদৃশঃ কামরূপা ভবন্তি ॥৫॥
প্রত্যেকং বা ত্রয়ং বা দ্বয়মপি চ পরং বীজমত্যন্তগুহ্যং,
ত্বন্নাম্না যোজয়িত্বা সকলমপি সদা ভাবয়ন্তো জপন্তি।
তেষাং নেত্রারবিন্দে বিহরতি কমলা বক্ত্র শুভ্রাংশু বিম্বে,
বাগ্দেবী দেবি মুণ্ডস্রগতিশয়-লসৎ কণ্ঠিপীনস্তনাঢ্যে ॥৬॥
গতাসূনাং বাহুপ্রকর-কৃতকাঞ্চী-পরিলসন্,
নিতম্বাং দিগ্বস্ত্রাং ত্রিভুবনবিধাত্রীং ত্রিনয়নাং।
শ্মশানস্থে তল্পে শবহৃদি মহাকাল-সুরতপ্রসক্তাং,
ত্বাং ধ্যায়ন্ জননি জড়চেতা অপি কবিঃ ॥৭॥
শিবাভির্ঘোরাভিঃ শবনিবহ-মুণ্ডাস্থি-নিকরৈঃ,
পরং সংকীর্ণায়াং প্রকটিত-চিতায়াং হরবধূম্।
প্রবিষ্টাং সন্তুষ্টামুপরি সুরতেনাতি যুবতীং,
সদা ত্বাং ধ্যায়ন্তি ক্বচিদপি ন তেষাং পরিভবঃ ॥৮॥
বদামস্তে কিং বা জননি বয়মুচ্চৈর্জ্জড়ধিয়ো,
ন ধাতা নাপীশো হরিরপি ন তে বেত্তি পরমং।
তথাপি ত্বদ্ভক্তির্মুখরয়তি চাস্মাকমসিতে,
তদেতৎ ক্ষন্তব্যং ন খলু পশুরোষঃ সমুচিতঃ ॥৯॥
সমন্তাদাপীনস্তনজঘনধৃগ্ যৌবনবতী-
রতাসক্তো নক্তং জপতি যদি ভক্তস্তব মনুম্।
বিবাসাস্ত্বাং ধ্যায়ন্ গলিতচিকুরস্তস্য বশগা,
সমস্তাঃ সিদ্ধৌঘাঃ ভুবি চিরতরং জীবতি কবিঃ ॥১০॥

সমাঃ সুস্থীভূতাং জপতি বিপরীতাং যদি সদা
বিচিন্ত্য ত্বাং ধ্যায়ন্নতিশয়-মহাকালসুরতাম্ ।
তদা তস্য ক্ষৌণীতল-বিহরমাণস্য বিদুষঃ
করাম্ভোজে বশ্যা হরবধু মহাসিদ্ধিনিবহাঃ ॥১১॥

প্রসূতে সংসারং জননি জগতীং পালয়তি চ ।
সমস্তং ক্ষিত্যাদি প্রলয়-সময়ে সংহরতি চ ॥
অতস্ত্বং ধাতাপি ত্রিভুবনপতিঃ শ্রীপতিরহো ।
মহেশোঽপি প্রায়ঃ সকলমপি কিং স্তৌমি ভবতীম্ ॥১২॥

অনেকে সেবন্তে ভবদধিক-গীর্ব্বাণ-নিবহান্ ।
বিমূঢ়াস্তে মাতঃ কিমপি নহি জানন্তি পরমং ।
সমারাধ্যামাদ্যাং হরিহরবিরিঞ্চ্যাদি-বিবুধৈঃ ।
প্রপন্নোঽস্মি স্বৈরং রতিরস-মহানন্দ-রসিকাম্ ॥১৩॥

ধরিত্রী কীলালং শুচিরপি সমীরোঽপি গগনং ।
ত্বমেকা কল্যাণী গিরীশ-রমণী কালি সকলম্ ।
স্তুতিঃ কা তে মাত স্তব করুণয়া মামগতিকং ।
প্রসন্না ত্বং ভূয়া ভবমনু ন ভূয়ান্মম জনুঃ ॥১৪॥

শ্মশানস্থঃ সুস্থো গলিত-চিকুরো দিক্‌পটধরঃ ।
সহস্রন্ত্বর্কাণাং নিজগলিতবীর্য্যেণ কুসুমম্ ।
জপং স্তৎ প্রত্যেকং মনুমপি তব ধ্যাননিরতো ।
মহাকালি স্বৈরং স ভবতি ধরিত্রীপরিবৃঢ়ঃ ॥১৫॥

গৃহে সম্মার্জ্জন্যা পরিগলিতবীর্য্যং হি চিকুরং
সমূলং মধ্যাহ্নে বিতরতি চিতায়াং কুজদিনে ।

সমুচ্চার্য্য প্রেম্না মনুমপি সকৃৎ কালি সততং
গজারূঢ়ো যাতি ক্ষিতিপরিবৃঢ়ঃ সৎকবিবরঃ ॥১৬॥

স্বপুষ্পৈরাকীর্ণং কুসুম-ধনুষো মন্দিরমহো
পুরো ধ্যায়ন্ ধ্যায়ন্ যদি জপতি ভক্ত স্তব মনুম্
স গন্ধর্ব্ব-শ্রেণী পতিরপি কবিত্বামৃতনদী
ন দীনঃ পর্য্যন্তে পরমপদলীনঃ প্রভবতি ॥১৭॥

ত্রিপঞ্চারে পীঠে শবশিবহৃদি স্মেরবদনাং
মহাকালেনোচ্চৈর্মদন-রস-লাবণ্য-নিরতাম্
সমাসক্তো নক্তং স্বয়মপি রতানন্দ-নিরতো
জনো যো ধ্যায়েৎ ত্বামপি জননি স স্যাৎ স্মরহরঃ ॥১৮॥

সলোমাস্থিস্বৈরং পললমপি মার্জ্জারমসিতে
পরঞ্চোষ্ট্রং মেষং নরমহিষয়োশ্ছাগ মপিচ
বলিস্তে পূজায়ামপি বিতরতাং মর্ত্ত্যবসতাং
সতাং সিদ্ধিঃ সর্ব্বা প্রতিপদ মপূর্ব্বা প্রভবতি ॥১৯॥

বশী লক্ষং মন্ত্রং প্রজপতি হবিষ্যাশনরতো
দিবা মাতর্যুষ্ম চ্চরণযুগল-ধ্যান-নিপুণঃ
পরং নক্তং নগ্নো নিধুবন-বিনোদেন চ মনুং
জপেল্লক্ষং সম্যক্ স্মরহর-সমানঃ ক্ষিতিতলে ॥২০॥

ইদং স্তোত্রং মাত স্তব মনুসমুদ্ধারণজনু
স্বরূপাখ্যং পাদাম্বুজ-যুগল-পূজা-বিধিযুতম্
নিশার্দ্ধং বা পূজা সময় মথবা যস্ত পঠতি
প্রলাপ স্তস্যাপি প্রসরতি কবিত্বামৃতরসঃ ॥২১॥

কুরঙ্গাক্ষীবৃন্দং তমনুসরতি প্রেমতরলং
বশস্তস্য ক্ষৌণীপতিরপি কুবেরপ্রতিনিধিঃ।
রিপুঃ কারাগারং কলয়তি চ তং কেলিকলয়া
চিরং জীবন্মুক্তঃ স ভবতি চ ভক্তঃ প্রতিজনু ॥২

ইতি শ্রীমহাকাল-বিরচিতং কালীস্তোত্রং।

---

# কালিকা-কবচ।

ভৈরব্যুবাচ।

কালীপূজা শ্রুতা নাথ ভাবাশ্চ বিবিধা প্রভো।
ইদানীং শ্রোতুমিচ্ছামি কবচং পূর্ব্বসূচিতম্ ॥
ত্বমেব শরণং নাথ ত্রাহি মাং দুঃখ সঙ্কটাৎ ॥

ভৈরব উবাচ।

রহস্যং শৃণু বক্ষ্যামি ভৈরবি প্রাণ-বল্লভে।
শ্রীজগন্মঙ্গলং নাম কবচং মন্ত্র-বিগ্রহম্।
পঠিত্বা ধারয়িত্বা বা ত্রৈলোক্যং মোহয়েৎ ক্ষণাৎ ॥
নারায়ণোঽপি যদ্‌ধৃত্বা নারী ভূত্বা মহেশ্বরম্।
যোগেশং ক্ষোভমনয়দ্ যদ্‌ধৃত্বা চ রঘূদ্বহঃ।
বরদৃপ্তান্ জঘানৈব রাবণাদি-নিশাচরান্।
যস্য প্রসাদাদীশোঽহং ত্রৈলোক্যবিজয়ী প্রভুঃ।
ধনাধিপঃ কুবেরোঽপি সুরেশোঽভূচ্ছচীপতিঃ ॥

এবং হি সকলা দেবাঃ সর্ব্বসিদ্ধীশ্বরাঃ প্রিয়ে।
শ্রীজগন্মঙ্গলস্যাস্য কবচস্য ঋষিঃ শিবঃ।
ছন্দোঽনুষ্টুব্ দেবতা চ কালিকা দক্ষিণেরিতা॥
জগতাং মোহনে দুষ্টনিগ্রহে ভুক্তিমুক্তিষু।
যোষিদাকর্ষণে চৈব বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ॥
ওঁ শিরো মে কালিকা পাতু ক্রীংকারৈকাক্ষরী পরা।
ক্রীং ক্রীং ক্রীং মে ললাটঞ্চ কালিকা খড়্গধারিণী॥
হূং হূং পাতু নেত্রযুগ্মং হ্রীঁ হ্রীঁ পাতু শ্রুতী মম;
দক্ষিণে কালিকে পাতু ঘ্রাণযুগ্মং মহেশ্বরী॥
ক্রীং ক্রীং ক্রীং রসনাং পাতু হূং হূং পাতু কপোলকম্।
বদনং সকলং পাতু হ্রীঁ হ্রীঁ স্বাহা স্বরূপিণী॥
দ্বাবিংশত্যক্ষরী স্কন্ধৌ মহাবিদ্যা সুখপ্রদা।
খড়্গমুণ্ডধরা কালী সর্ব্বাঙ্গমভিতোঽবতু॥
ক্রীং হূং হ্রীঁ ত্র্যক্ষরি পাতু চামুণ্ডা হৃদয়ং মম।
ঐঁ হূং ওঁ ঐঁ স্তনদ্বন্দ্বং হ্রীঁ ফট্ স্বাহা ককুৎস্থলম্॥
অষ্টাক্ষরী মহাবিদ্যা ভুজৌ পাতু সকর্ত্তৃকা।
ক্রীং ক্রীং হূং হূং হ্রীঁ হ্রীঁ করৌ পাতু ষড়ক্ষরী মম॥
ক্রীং নাভিং মধ্যদেশঞ্চ দক্ষিণে কালিকেঽবতু।
ক্রীং স্বাহা পাতু পৃষ্ঠন্তু কালিকা সা দশাক্ষরী॥
হ্রীঁ ক্রীঁ দক্ষিণে কালিকে হূঁ হ্রীঁ পাতু কটিদ্বয়ম্।
কালী দশাক্ষরী বিদ্যা স্বাহা পাতূরুযুগ্মকম্॥
ওঁ হ্রীঁ ক্রীঁ মে স্বাহা পাতু কালিকা জানুনী মম।
কালী হৃন্নাম বিদ্যেয়ং চতুর্ব্বর্গ-ফল-প্রদা॥
ক্রীঁ হূঁ হ্রীঁ পাতু সা গুল্ফং দক্ষিণে কালিকেঽবতু।

ক্রীঁ হুঁ হ্রীঁ স্বাহা পাতু চতুর্দ্দশাক্ষরী মম॥
খড়্গ-মুণ্ড-ধরা কালী বরদাভয়ধারিণী,
বিদ্যাভিঃ সকলাভিঃ সা সর্ব্বাঙ্গমভিতোঽবতু।
কালী কপালিনী কুল্লা কুরুকুল্লা বিরোধিনী
বিপ্রচিত্তা তথোগ্রোগ্রপ্রভা দীপ্তা ঘনত্বিষঃ॥
নীলাঘনা বলাকাচ মাত্রা মুদ্রা মিতা চ মাম্
এতাঃ সর্ব্বাঃ খড়্গধরা মুণ্ডমালা বিভূষিতাঃ।
রক্ষন্তু দিগ্বিদিক্ষু মাং ব্রাহ্মী নারায়ণী তথা
মাহেশ্বরী চ চামুণ্ডা কৌমারী চাপরাজিতা॥
বারাহী নারসিংহীচ সর্ব্বাশ্চামিতভূষণাঃ।
রক্ষন্তু স্বায়ুধৈ র্দিক্ষু বিদিক্ষু মাং যথা তথা॥
ইত্যেবং কথিতং দিব্যং কবচং পরমাদ্ভুতম্।
শ্রীজগন্মঙ্গলং নাম মহামন্ত্রৌঘ-বিগ্রহম॥
ত্রৈলোক্যাকর্ষণং ব্রহ্ম কবচং মন্মুখোদিতম্।
গুরুপূজাং বিধায়াথ গৃহ্লীয়াৎ কবচং ততঃ॥
কবচং ত্রিঃসকৃদ্বাপি যাবজ্জীবঞ্চ বা পুনঃ।
এতচ্ছতার্দ্ধ মাবৃত্য ত্রৈলোক্যবিজয়ী ভবেৎ॥
ত্রৈলোক্যং ক্ষোভয়ত্যেব কবচস্য প্রসাদতঃ।
মহাকবি র্ভবেন্মাসাৎ সর্ব্বসিদ্ধীশ্বরো ভবেৎ॥
পুষ্পাঞ্জলীন্ কালিকায়ৈ মূলেনৈব পঠেৎ সকৃৎ।
শতবর্ষ সহস্রাণাং পূজায়াঃ ফলমাপ্নুয়াৎ॥
ভূর্জ্জে বিলিখিতঞ্চৈতৎ স্বর্ণস্থং ধারয়েৎ যদি।
শিখায়াং দক্ষিণেবাহৌ কণ্ঠে বা ধারয়েদ্ যদি॥
ত্রৈলোক্যং মোহয়েৎ ক্রোধাৎ ত্রৈলোক্যং চূর্ণয়েৎ ক্ষণাৎ

পুত্রবান্ ধনবান্ শ্রীমান্ নানাবিদ্যানিধির্ভবেৎ ।
ব্রহ্মাস্ত্রাদীনি শস্ত্রাণি তদ্গাত্রস্পর্শনাত্ততঃ ॥
নাশ মায়াস্তি যা নারী বন্ধ্যা বা মৃতপুত্রিণী ।
কণ্ঠে বা বামবাহৌ বা কবচস্য চ ধারণাৎ ॥
বহ্বপত্যা, জীববৎসা ভবত্যেব ন সংশয়ঃ ॥
ন দেয়ং পরশিষ্যেভ্যো হ্যভক্তেভ্যো বিশেষতঃ ।
শিষ্যেভ্যো ভক্তিযুক্তেভ্য শ্চান্যথা মৃত্যুমাপ্নুয়াৎ ॥
স্পর্দ্ধামুদ্ধূয় কমলা বাগ্দেবী মন্দিরে মুখে ।
পৌত্রান্তং স্থৈর্য্যমাস্থায় নিবসত্যেব নিশ্চিতম্ ॥
ইদং কবচমজ্ঞাত্বা যো জপেৎ কালিদক্ষিণাম্ ।
শতলক্ষং প্রজপ্তা হি তস্য বিদ্যা ন সিদ্ধতি ॥
স শস্ত্রাঘাতমাপ্নোতি সোহচিরান্মৃত্যুমাপ্নুয়াৎ ॥

ইতি ভৈরব তন্ত্রে ভৈরবী-ভৈরব সংবাদে কালীকল্পে
শ্যামা কবচং সমাপ্তম্ ।

সমাপ্ত ।

IMPERIAL
LIBRARY

# শ্রীমদ্ভাগবতং।

## শ্রীকৃষ্ণদ্বৈপায়ন-প্রণীতম্।

মূল, অন্বয়, শ্রীধরস্বামী ও বিশ্বনাথচক্রবর্ত্তী-কৃত দুইটী টীকা বঙ্গানুবাদ এবং টীকাসমূহের তাৎপর্য্যবোধক বেদান্তাদি দর্শনশাস্ত্রের অনুকূল আভাস ও উদ্ধৃত টিপ্পনীসহ সমগ্র দ্বাদশ স্কন্ধ প্রকাশিত হইয়াছে। সংস্কৃত ভাষায় অতি সামান্য অধিকার থাকিলেই, অন্বয়াদির সাহায্যে, গুরূপদেশ ব্যতীত অতি সহজে এই অপূর্ব্ব ভক্তি গ্রন্থে সকলেই প্রবেশ করিতে পারেন। জ্ঞান, কর্ম্ম, বৈরাগ্য এবং ভক্তির সুগম পন্থা যেরূপ ইহাতে নির্ণীত, এরূপ অন্যত্র হয় নাই। বেদান্তের চরম মীমাংসা, অদ্বৈতবাদ ও ঈশ্বরসাক্ষাৎকার, অতি সুললিত ও মধুরভাবে ইহাতে অভিব্যক্ত হইয়াছে; আর্য্যসন্তান মাত্রেরই গৃহদেবতার ন্যায় পূজনীয় ও রক্ষণীয়, দুর্লভ রত্নোপম, অন্তিম জীবনের একমাত্র সম্বল এই শ্রীমদ্ভাগবত সমগ্রের মূল্য তালিকা পার্শ্বে প্রদত্ত হইল। অতি অল্পসংখ্যক গ্রন্থ এক্ষণে প্রস্তুত আছে।

দ্বিতীয় সংস্করণ আরম্ভ হইয়াছে। গ্রাহকগণ স্কন্ধ অনুসারে পাইবেন।

মূল্য তালিকা।

| স্কন্ধ | পৃষ্ঠা | মূল্য। | স্কন্ধ | পৃষ্ঠা | মূল্য। |
|---|---|---|---|---|---|
| ১ম | ৬২৪ | ২৷৷০ | ৭ম | ৪২৮ | ১৸০ |
| ২য় | ৩৩৬ | ১।৵০ | ৮ম | ৪২৫ | ১৷৷৶০ |
| ৩য় | ১০৪০ | ৪৵০ | ৯ম | ৩৭৬ | ১৷৷০ |
| ৪র্থ | ৮১১ | ৩।০ | ১০ম | ২৬৩৬ | ১০৷৶০ |
| ৫ম | ৫৩২ | ২৶০ | ১১শ | ১০০৪ | ৪৲ |
| ৬ষ্ঠ | ৪৭২ | ১৸৵০ | ১২শ | ২৫৬ | ১৲ |

প্রতি ৫৲ টাকা মূল্যের পুস্তকে ডাঃ মাঃ ।০ আনা পড়ে, অন্তত অর্দ্ধেক মূল্য পাঠাইলে, ভিঃ পিঃ ডাকে পুস্তক পাঠান হয়।

# পাতঞ্জল-দর্শন বা কর্ম্মযোগ।

মূল সূত্র, ভোজদেব-কৃত বৃত্তি, সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ ও সূত্রের তাৎপর্য্যবোধক বেদান্তাদি দর্শন-শাস্ত্রের অনুগত এবং উপনিষদের অনুমোদনে পূজাদি নিত্যনৈমিত্তিক সাধনা পদ্ধতির অবভাসক বঙ্গ-ভাষায় আভাস সহ প্রকাশিত হইতেছে। সমাধি-পাদ সম্প্রতি প্রকাশিত হইয়াছে, মূল্য ৸৹ বার আনা। আশা করি প্রতি দুই মাসে অবশিষ্ট সাধন-পাদ, বিভূতি-পাদ এবং কৈবল্য-পাদ পর্য্যায়ক্রমে প্রকাশিত হইবে। প্রত্যেক পাদের মূল্য ৸৹ আনা হিসাবে সমগ্র গ্রন্থের মূল্য ৩৲ টাকা হইবে। কাগজের মূল্য পরিবর্দ্ধিত হওয়ায় মোট সহস্র গ্রন্থ মুদ্রিত হইল।

শ্রীমদ্ভাগবত মুদ্রাযন্ত্র,
৩৭নং, বলরাম বসুর ঘাট রোড,
ভবানীপুর, কলিকাতা।

শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রী।

ওঁ "সর্ব্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমস্তুতে।